

৩০ AUG 1988

জারিখ

পৃষ্ঠা

কলাম

দেশি সংবাদ

শিক্ষা প্রতিষ্ঠানে গোলমুখ চলতে থাকলে দেশ ধ্বংস হতে বাধ্যঃ রাষ্ট্রপতি

জয়পুরহাট, ২৯শে আগস্ট
(বাস)।— রাষ্ট্রপতি বর্তমানে
দেশের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে
গোলমুখ ও বিশ্বাখন প্রসঙ্গে
বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড।
রাষ্ট্রপতি বলেন, এই প্রবণতা
অব্যাহত থাকলে দেশ ধ্বংস হতে
বাধ্য।

তিনি শিক্ষার ন্যায় এই
গুরুত্বপূর্ণ দিকটি বিবেচনা করার
আহ্বান জানান। ছাত্রদের রাজনীতিতে
অংশগ্রহণে নিরসাহিত
করার উদ্দেশ্যে জাতীয় পার্টির ছাত্র
সংগঠন নিষিদ্ধ করা হয়েছে বলে
রাষ্ট্রপতি উল্লেখ করেন।

রাষ্ট্রপতি বিবেচনা দলগুলোর
প্রতি জাতীয় পার্টির দ্বৈত অনু-
সরণের জন্য তার আহ্বানের
কথা পুনর উচ্চ করেন এবং শিক্ষা
প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার পরিবেশ
বৃক্ষ ব্যাপারে সহায়তার আহ্বান
জানান।

রাষ্ট্রপতি আজ এখনে আয়োজিত
এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন।
তিনি বঙ্গ থেকে জয়পুরহাট
যাওয়ার পথে বেশ কয়েকটি ছোট
ছোট সমিবেশে ভাষণ দেন।

রাষ্ট্রপতি বলেন, তার সরকার
একটি স্বৰ্গীয় ও সমুক্ষিশালী
বাংলাদেশ গড়তে সংকল্পবন্ধ।
রাষ্ট্রপতি এইচ, এম এরশাদ বলেন,
তার সরকারের উদ্দ্যোগে নেয়া
ব্যাপক উন্নয়ন শৃঙ্খলার ফলে
দেশের জনগণের মধ্যে এক
অভাবনীয় নবজাগরণের জোয়ার

(শেষ পৃঃ ২-এর কঃ দেবুন)

রাষ্ট্রপতি

(১য় পাতার পর)
লক্ষ্য করা যাচ্ছে। রাষ্ট্রপতি
বলেন, এই জাগরণ আমাদের
ধরে রাখা উচিত। বর্তমান
উন্নয়ন প্রক্রিয়াকে অব্যাহত
রাখার জন্য এই জোয়ারকে একটি
চালিকাশক্তি হিসেবে কাজে
লাগাতে হবে।

রাষ্ট্রপতি সারাবাত বঙ্গড়ায়
অবস্থানের পর আজ সকালে
জয়পুরহাট পেঁচেন। জয়পুর-
হাট আসার পথে বিভিন্ন স্থানে
গাড়ী ধারিয়ে তিনি সাধারণ মানু-
ষের সাথে কথা বলেন এবং
তাদের কুশল জিজ্ঞাসা করেন।
এর আগে রাষ্ট্রপতি বঙ্গড়ায় জেলা
পরিষদ হলে জাতীয় পার্টির এক
বৈঠকে ভাষণ দেন। তিনি সাকিট
হাউসে স্থানীয় রাজনৈতিক নেতৃ-
বৃন্দ এবং বিশিষ্ট লোকজনের
সঙ্গে জেলার বিভিন্ন সমস্যা
সম্পর্কেও আলোচনা করেন।
রাষ্ট্রপতি সাকিট হাউসে পথকলি
টাইরে জন্য বঙ্গড়া শিল্প ও
বণিক সমিতির দান প্রাপ্ত করেন।

এছাড়া জয়পুরহাটে অনু-
চিত জনসভায় উপস্থিত বিভিন্ন
লোকজনের কাছ থেকেও তিনি
পথকলি টাইরে জন্য দেয়া দান
প্রাপ্ত করেন। রাষ্ট্রপতি এরশাদ
বলেন, দেশের রাজনীতিতে বর্ত-
মানে দুটি প্রথক স্বীকৃতধারা লক্ষ্য
করা যাচ্ছে। একটি ইতিবাচক
এবং অপরটি নেতৃত্বাচক। রাষ্ট্র-
পতি বলেন, শেষেরটি হলো বড়
বড় কথা রাজনীতি।